

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
পাংশা, রাজবাড়ী।

কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : ১ জনাব রোকেয়া বেগম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।

সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ : ২০/০৮/২০২৩ খ্রিঃ, সময় : দুপুর ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ও পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব কে পাংশা উপজেলায় কৃষি ও সেচ কার্যক্রমের উপর গুরুত্বারোপ করেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভাপতি জানান যে, উপজেলা কৃষি অফিসার, পাংশা জানান যে, সার্বিকভাবে এ বছর অতি উপজেলায় বোরো মৌসুমে ধানের উফশি জাতের রাস্ট রোগের আক্রমণ প্রকট ছিল। পাতা রাস্ট, গিঁট রাস্ট এবং শীষ রাস্ট-এই তিনি ধরনের রাস্ট রোগের মধ্যে নেক বা শীষ রাস্ট সবচেয়ে ক্ষতিকর। পাইরিকুলারিয়া ওরাইজি নামক এক ধরনের ছত্রাকের আক্রমণে এই রোগের বিস্তার ঘটে। পাংশা উপজেলায় ৩,৫০০ একর জমি রাস্ট রোগের সংক্রমণে পড়েছে বলে দেখানো হয়েছে এবং কৃষকগণের ব্যাপক ক্ষতি হয়েছে। সরকার বাহাদুর যদি কিছু ভূতুর্কি দেয় তবে এর ক্ষতি পুরুষে নেয়া সম্ভব। আউশ প্রশেদেনা বিতরণ শেষ পর্যায়ে এবং এছাড়াও ২৮ ধানের বীজের চিটা দেখা দিয়েছে। তাছাড়া প্রত্যেক সার ডিলারগণের দোকানে প্রচুর পরিমাণে সার রয়েছে। ডিলারগণকে মূল্য তালিকা টালিয়ে সার বিক্রি করতে নির্দেশনা প্রদান হয়েছে। তাছাড়া সারের মজুদ সন্তোষজনক এবং তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। খ. তিনি আরও জানান যে, কৃষি মন্ত্রণালয়াধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা পর্যায়ে প্রযুক্তি হস্তান্তরের জন্য কৃষক প্রশিক্ষণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় উপজেলা কৃষক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য উপজেলা পরিষদের নিজস্ব জমিতে তিনতলা কৃষক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের নির্দেশনা রয়েছে থাকায় পাংশা উপজেলা পরিষদের মালিকানাধীন জমি বরাদ্দ প্রদানের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। গ্রামগঞ্জে উৎপাদিত সবজি যে ন্যায্য মূল্যপায় সেজন্য এ ব্যাপারে তিনি দ্রুত সময়ের কৃষককে দ্রুত পরামর্শ দিয়ে সাহায্য করার জন্য প্রস্তাব করেন।</p>	<p>১. গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়ন করতে হবে। ২. ডিলারদের মাধ্যমে বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ে সার উত্তোলন এবং মূল্যের বিষয়টি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো। ৩. সভাপতি এগ্রিমল/কৃষি পণ্যের বাজার যাতে নিয়মিত চালু থাকে সেজন্যে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক নিয়মিত মনিটারিং করার জন্য পরামর্শ প্রদান করেন। ৪. প্রত্যেক সারের দোকানে বাধ্যতামূলক ভাবে মূল্য তালিকা টালানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ৫. সভায় বিভাগিত আলোচনাতে “উপজেলা পর্যায়ে প্রযুক্তি হস্তান্তরের জন্য কৃষক প্রশিক্ষণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় উপজেলা কৃষক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য উপজেলা পরিষদ কনফারেন্স ভবনের পিছনে জমি বরাদ্দ প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বেগম প্রমী—
(রোকেয়া বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, পাংশা।

তারিখ: ২০/০৮/২০২৩

স্মারক নং-কৃষি ও সেচ/পাং/২০২৩- ৬৭

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।

৫। চেয়ারম্যান.....ইউপি, পাংশা, রাজবাড়ী।

(প্রমী)
উপজেলা কৃষি অফিসার
পাংশা, রাজবাড়ী

২৩/০৪/২০২৩ খ্রিঃ তারিখ কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী সভায় উপস্থিতি সদস্যবুন্দের স্বাক্ষরশীট :

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবি	স্বাক্ষরিত
১.	রোকেয়া বেগম মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, পাংশা।	সভাপতি	বেগম পুরুষ-
২.	চেয়ারম্যান পাট্টা ইউনিয়ন পরিষদ,	সদস্য	
৩.	চেয়ারম্যান সরিষা ইউনিয়ন পরিষদ,	সদস্য	
৪.	চেয়ারম্যান কালিমহর ইউনিয়ন পরিষদ,	সদস্য	
৫.	চেয়ারম্যান কসবামাবাইল ইউনিয়ন পরিষদ,	সদস্য	কসবামাবাইল
৬.	চেয়ারম্যান মৌরাট ইউনিয়ন পরিষদ,	সদস্য	
৭.	উপজেলা কৃষি কর্মকর্তা পাংশা, রাজবাড়ী।	সদস্য সচিব	(BPL)